

রাকসু নির্বাচন নিয়ে নয়া জটিলতা

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২৭শে নভেম্বর (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।- আগামী ফেব্রুয়ারি মাসের শেষ সপ্তাহে অনুষ্ঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (রাকসু) নির্বাচন রয়কট করার ঘোষণা দিয়েছে গণতান্ত্রিক ছাত্রঐক্য ও মুজিববাদী ছাত্রলীগ। তারা পূর্বঘোষিত এপ্রিল মাসে রাকসু নির্বাচন দাবি করেছে।

এদিকে 'ফেব্রুয়ারি' মাসে - অনুষ্ঠিত রাকসু নির্বাচনের কর্তৃপক্ষীয় ঘোষণাকে স্বাগত জানিয়ে জাতীয়তাবাদী ছাত্রদল ২৮ ও ২৯শে নভেম্বরের আহূত ছাত্রধর্মঘট প্রত্যাহার করে নিয়েছে।

আগামী এপ্রিলে রাকসু নির্বাচনের দাবিতে এবং দ্বিতীয় দফায় রাকসু নির্বাচনের তারিখ ঘোষণার প্রতিবাদে গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল দুপুরে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। সমাবেশে বক্তারা অভিযোগ করে বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রদলের সাথে সমঝোতা করে একতরফাভাবে রাকসু নির্বাচনের ঘোষণা দিয়েছেন।

গণতান্ত্রিক ছাত্রঐক্যের সমাবেশে ছাত্রশিবির ক্যাডাররা হামলা করার চেষ্টা করলে ছাত্রঐক্যের কর্মীরা সন্ত্রাসীদের তাড়া করে বলে ছাত্রঐক্য নেতারা অভিযোগ করেন।

ছাত্রদল ২৯শে নভেম্বর অনুষ্ঠিত সমাবেশে সাংসদ প্রতিমন্ত্রী ডাঃ আলাউদ্দিনকে অবাস্তিত ঘোষণা করেছে।

ছাত্রলীগ ও গণতান্ত্রিক ছাত্রঐক্য বলেছে : ফেব্রুয়ারিতে অনাস ১ম বর্ষের ভর্তি পরীক্ষার সময় রাকসু নির্বাচন করতে দেয়া হবে না।